




স্মারক নং: জেনার/১০৩/সম(স্বঃশা-১)/২০২০

তারিখ: ২৯/১২/২০২০ খ্রি.

বিষয়: ২০২১ শিক্ষাবর্ষে শিক্ষার্থীদের হাতে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রতি বছরের ন্যায় এবারও ২০২১ শিক্ষাবর্ষে বিনামূল্যে পাঠ্যপুস্তক ১ জানুয়ারী ২০২১ তারিখ শিক্ষার্থীদের হাতে তুলে দেওয়া হবে। কিন্তু কোভিড-১৯ ভাইরাসজনিত কারণে কোমলমতি শিক্ষার্থীদের স্বাস্থ্য সুরক্ষার বিষয়টি মাথায় রেখে এ বছর পাঠ্যপুস্তক ভিন্ন আঙ্গিকে বিতরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। প্রতিটি শোনার বই বিতরণের জন্য ০৩ (তিন) দিন করে সময় দেওয়া হবে। অর্থাৎ ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণি পর্যন্ত ০৪(চার) টি শ্রেণিতে সপ্তাহে ০৩(তিন) দিন করে মোট ১২ (বার) দিনে পাঠ্যপুস্তক বিতরণ করতে হবে। প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে অবশ্যই যথাযথ স্বাস্থ্যবিধি মেনে শিক্ষার্থীদের স্বাস্থ্য সুরক্ষার বিষয়টি নিশ্চিত করে পাঠ্যপুস্তক বিতরণ কার্যক্রম পরিচালনা করতে হবে।

কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় এবারের পাঠ্যপুস্তক বিতরণ কার্যক্রম ভিন্ন আঙ্গিকে হওয়ার কারণে বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত এবং মাঠ পর্যায়ে তা যথাযথ বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোহাম্মদ আজিজ উদ্দিন)

উপপরিচালক (মাধ্যমিক)

ফোন: ৯৫৬০২৬৫

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। জেলা প্রশাসক (সকল জেলা)
- ২। আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
- ৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
- ৪। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা
- ৬। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা
- ৭। অধ্যক্ষ/প্রধান শিক্ষক.....

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (মাধ্যমিক)]
- ২। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, মতিঝিল, ঢাকা
- ৩। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই.এম.আই.এস. সেল, মাউশি, ঢাকা
[বিভাগটি মাউশি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
[মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ৬। সংরক্ষণ নথি